



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ০৯.১২.২০১৯

অধ্যাপক অজয় রায়ের প্রয়াণে শোকবাণী

প্রখ্যাত পদার্থবিজ্ঞানী, লেখক, বাংলা একাডেমির ফেলো এবং একাডেমির কার্যনির্বাহী পরিষদের প্রাক্তন সদস্য অধ্যাপক অজয় রায় আজ প্রয়াত হয়েছেন। অধ্যাপক অজয় রায় (জন্ম : ১২ মার্চ ১৯৩৬) পদার্থবিদ্যা, বিজ্ঞানসাহিত্য এবং শিক্ষাজগতের এক স্মরণীয় নাম। তাঁর অভিসন্দর্ভ *Study of oriented Free Radicals in Organic System* এদেশের বিজ্ঞান-গবেষণায় এক পথিকৃৎপ্রতিম সংযোজন। বাংলার ইতিহাস চর্চায় তাঁর *বাঙালির আত্মপরিচয় : একটি পুরাবৃত্তিক ও নৃতাত্ত্বিক আলোচনা (১৯৯১)*, *আদি বাঙালি ও নৃতাত্ত্বিক সমাজতাত্ত্বিক বিশ্লেষণ (১৯৯৭)* বিশেষ গুরুত্বের দাবি রাখে।

অধ্যাপক অজয় রায় বাংলা একাডেমির সঙ্গে নিবিড় বন্ধনে যুক্ত ছিলেন। যৌথভাবে বাংলা একাডেমি বিজ্ঞান বিশ্বকোষ এবং বাংলা ও বাঙালির ইতিহাস সম্পাদনা তাঁর অনন্য কীর্তি। বিজ্ঞান ও প্রযুক্তিতে অসামান্য অবদানের জন্য তিনি ২০১০ সালে বাংলা একাডেমি পুরস্কার লাভ করেন। এছাড়া ২০১০ থেকে ২০১৩ সাল পর্যন্ত তিনি বাংলা একাডেমি কার্যনির্বাহী পরিষদের সদস্য ছিলেন।

বাংলা একাডেমি অধ্যাপক অজয় রায়ের প্রয়াণে গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

হাবীবুল্লাহ সিরাজী
মহাপরিচালক